

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২০৯. ন্যায়পরায়ণ প্রভু

আপনার প্রভু ন্যায়পরায়ণ এ বিষয়ে আপনার দৃঢ় নিশ্চয়তাবোধ থাকা উচিত। মহান আল্লাহ একজন মহিলাকে একটি কুকুরের কারণে জান্নাতে প্রবেশ করার অনুমতি দিয়েছেন। আরেকজনকে একটি বিড়ালের কারণে জাহান্নামে প্রবেশ করিয়েছেন। প্রথম মহিলাটি বনী ইসরাঈলের একটি বেশ্যা ছিল। (তার জান্নাতে প্রবেশের) কারণ এই যে, সে একটি তৃষ্ণার্ত কুকুরকে পানি পান করিয়েছিল। (এ কারণে) আল্লাহ তাকে ক্ষমা করে দিয়ে তাকে জান্নাতে প্রবেশের অনুমতি দেন। তার নেক আমলের প্রতি একনিষ্ঠতা ও তার আল্লাহর প্রতি একনিষ্ঠতার কারণে এটা ছিল ন্যায়সঙ্গত পুরস্কার। দ্বিতীয় মহিলাটি একটি বিড়ালকে একটি ঘরে বন্দী করে রেখেছিল। সে এটাকে পানাহার করতে দিত না। সে এটাকে বন্দী করে মাঠে-ঘাটে পোকা-মাকড় খাওয়া থেকে বিরত রেখেছিল; তাই আল্লাহ তাকে জাহান্নামে প্রবেশ করিয়েছিলেন।

প্রথম মহিলার ঘটনাটি মনে শান্তি যোগায়। কেননা, এ থেকে বুঝা যায় যে, আল্লাহ ছোট-খাট নেক আমলের বদলে বিশাল বিশাল পুরস্কার দেন।

"অতএব, যে ব্যক্তি অনুপরিমাণ নেক আমল করবে সে তা দেখতে পাবে। আর যে ব্যক্তি অনুপরিমাণ বদ আমল করবে সে তা দেখতে পাবে।" (৯৯-সূরা আয যিল্যালঃ আয়াত-৭-৮)

"নিশ্চয় নেক আমলসমূহ বদআমলসমূহকে দূর করে দেয়।" (১১-সূরা হুদঃ আয়াত-১১৪)

অতএব, দুঃখ পীড়িতদেরকে সাহায্য করুন, গরীবদেরকে দান করুন, অত্যাচারিতদেরকে সাহায়্য করুন, রোগী দেখতে যান, মৃতের জানাযা পড়ুন, অন্ধকে পথ দেখান, দুর্দশাগ্রস্তদেরকে সান্তনা দিন, পথভ্রস্তদেরকে পথ-প্রদর্শন করুন এবং মেহমান ও প্রতিবেশী উভয়ের প্রতিই সদয় হোন। এসব কিছুই সদকাতুল্য। এগুলো এমন কাজ যেগুলো শুধুমাত্র আপনার সাহায্য গ্রহীতাকেই সাহায্য করে না, অধিকন্তু আপনাকেও স্বস্তি ও শান্তি দিয়ে সাহায্য করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7717

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন